

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৩৭

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৩৮. নির্ভরযোগ্য বর্ণনাকারী হতে হাদীস বর্ণনা প্রসঙ্গে

بَابٌ فِي الْحَدِيثِ عَنِ التِّقَاتِ

আরবী

أَخْبَرَنَا أَبُو مَعْمَرٍ إِسْمَاعِيلُ بْنُ إِبْرَاهِيمَ، أَنبَأْنَا عَبْدُ اللَّهِ بْنُ أَبِي جَعْفَرِ الرَّازِيُّ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي جَعْفَرِ الرَّازِيُّ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي الْعَالِيَةِ، قَالَ: " كُنَّا نَأْتِي الرَّجُلَ، لِنَأْخُذَ عَنْهُ، فَنَنْظُرُ إِذَا صَلَّى، فَإِنْ أَصَانَهَا، جَلَسْنَا إِلَيْهِ، وَقُلْنَا: هُوَ لِغَيْرِهَا أَحْسَنُ. وَإِنْ أَسَاءَهَا، قُمْنَا عَنْهُ، وَقُلْنَا: هُوَ لِغَيْرِهَا أَحْسَنُ. وَإِنْ أَسَاءَهَا، قُمْنَا عَنْهُ، وَقُلْنَا: هُوَ لِغَيْرِهَا أَحْسُنُ لَا أَسُوا أُ " قَالَ أَبُو مَعْمَرِ: لَفْظُهُ نَحْقُ هَذَا

إسناده حسن

বাংলা

80৭. রবী' হতে বর্ণিত, আবুল আ'লিয়া বলেন: আমরা যখন লোকের থেকে হাদীস গ্রহণের জন্য যেতাম, তখন সালাত আদায়ের সময় তার দিকে লক্ষ্য করতাম। সে তার সালাত সুন্দর করে আদায় করলে আমরা তার নিকট বসতাম এবং (মনে মনে) বলতাম: সে সালাত ব্যতীত অন্যান্য ক্ষেত্রে হয়তো আরও অধিক উত্তম। আর সে সালাত আদায় সঠিকভাবে না করলে আমরা তার থেকে (হাদীস গ্রহণ না করে) উঠে যেতাম এবং বলতাম: সে সালাত ব্যতীত অন্যান্য ক্ষেত্রে হয়তো আরও অধিক মন্দ। মা'মার (বর্ণনাকারী) বলেন: তার শব্দগুলো এরকমই।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ হাসান।

তাখরীজ: রমহরমুযী, আল মুহাদ্দিসুল ফাসিল নং ৪৩০; আবু নুয়াইম, হিলইয়া ২/২২০।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন